

# হাইকোর্টের আদেশ স্থগিত, ডাকসু নির্বাচনে আর বাধা নেই

অনলাইন ডেঙ্ক

প্রকাশিত: ১৭:১৩, ১ সেপ্টেম্বর ২০২৫; আপডেট: ১৭:৩৮, ১  
সেপ্টেম্বর ২০২৫



ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন নিয়ে হাইকোর্টের আদেশ স্থগিত করেছেন আপিল বিভাগের চেম্বার আদালত। এর ফলে আগামী ৯ সেপ্টেম্বর অনুষ্ঠেয় ডাকসু নির্বাচনে আর কোনো আইনি বাধা থাকছে না।

সোমবার (১ সেপ্টেম্বর) চেম্বার আদালত এ আদেশ দেন। এর আগে  
গত সপ্তাহে হাইকোর্ট আগামী ৩০ অক্টোবর পর্যন্ত ডাকসু নির্বাচন  
স্থগিত করেছিলেন।

বিচারপতি হাবিবুল গণির নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চে এক রিট আবেদনের শুনানিতে  
স্থগিতাদেশ দেওয়া হয়েছিল। তবে চেম্বার আদালতের আদেশের পর নির্ধারিত সূচি  
অনুযায়ী নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে।

ঘোষিত তফসিল অনুযায়ী, ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ  
(ডাকসু) ও হল সংসদগুলোর নির্বাচন আগামী ৯ সেপ্টেম্বর অনুষ্ঠিত  
হবে।

আজ আদালতে রিট আবেদনকারীর পক্ষে শুনানি করেন ব্যারিস্টার  
জ্যোতির্ময় বড়ুয়া। অপরদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পক্ষে  
উপস্থিত ছিলেন আইনজীবী মোহাম্মদ শিশির মনির।

×

হাইকোর্টের পূর্বের রায়ে রিট আবেদনকারীকে (শিবির প্যানেলের জিএস প্রার্থী ফরহাদ) সব ধরনের প্রমাণসহ নির্বাচনী ট্রাইবুনালে অভিযোগ দাখিল করতে বলা হয়েছিল। সেই সঙ্গে অভিযোগ গ্রহণ করে সংশ্লিষ্ট সব পক্ষের শুনানি নিয়ে আগামী ৩০ অক্টোবরের মধ্যে প্রতিবেদন দিতে নির্দেশ দেওয়া হয়েছিল আদালতের পক্ষ থেকে।

---

আলীম